সমকাল

তারিখ 07 JAN 2016
পৃষ্ঠা ... কলাম ...

নারায়ণগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

# এবার বাধ্যতামূলক কোচিং বন্ধের দাবিতে অভিভাবকদের বিক্ষোভ

■ নারায়ণগঞ্জ প্রতিনিধি

স্কুলে অষ্টম শ্রেণীর শিক্ষার্থীদের জন্য বাধ্যতামূলক কোচিং বন্ধের দাবিতে এবার আন্দোলন শুরু করেছেন নারায়ণগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অভিভাবকরা। প্রথম দিকে ভর্তি ফির সঙ্গে বাধ্যতামূলকভাবে স্কুল থেকে ড্রেসের কাপড় ও সোয়েটার নেওয়া বাধ্যতামূলক করে সমালোচনার জন্ম দিয়েছিলেন প্রধান শিক্ষিকা রেবেকা সুলতানা। সমকালে এ সংক্রান্ত সংবাদ প্রকাশের পর তার সে পরিকল্পনা ভেস্তে যায়। এখন তিনি অষ্টম শ্রেণীর শিক্ষার্থীদের জন্য স্কুলেই কোচিং বাধ্যতামূলক করেছেন। এ নিয়ে অভিভাবকরা ক্ষোভে ফুঁসে উঠছেন। বুধবার বিকেলে তারা স্কুলের বাইরে এ কারণে বিক্ষোভও করেছেন। বুধবার সকাল থেকেই সরকারি বালিকা বিদ্যালয়ে সামনে স্কুলের কোচিং বাণিজ্য বন্ধের দাবিতে অবস্থান নিয়ে বিক্ষোভ শুরু করেন অভিভাবকরা।

সালমা বেগম নামের এক অভিভাবক বলেন, এ বছর তার মেয়ে সপ্তম থেকে অষ্টম শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। এখন ভর্তি করাতে এসে শুনছেন স্কুলে বাধ্যতামূলক কোচিং চালু করা হয়েছে। কিন্তু প্রাইমারি স্কুল থেকে এখন পর্যন্ত তিনি তার মেয়েকে বাসায় নিজে পড়িয়েছেন। বাইরের কোনো শিক্ষক বা কোচিংয়ে তাকে ভর্তি করাননি। হাফছা আক্তার নামের আরেক অভিভাবক বলেন, মঙ্গলবার বাচ্চারা স্কুলে এলে শিক্ষকরা তাদের জোড়পূর্বক কোচিংয়ে পড়ার বিষয়ে একটি ফরমে স্বাক্ষর নেন।

স্কুলের প্রধান শিক্ষিকা রেবেকা সুলতানা বলেন, শিক্ষার্থীদের ভালো ফলের কথা বিবেচনা করে তারা অষ্টম শ্রেণীর শিক্ষার্থীদের জন্য একটি বিশেষ ক্লাসের ব্যবস্থা চালু করার সিদ্ধান্ত নিয়েছিলেন। কিন্তু অভিভাবকরা বিষয়টিকে কোচিং ব্যবসা হিসেবে আখ্যায়িত করছেন। বিশেষ ক্লাস নেওয়ার সিদ্ধান্তটি বাতিল করা হয়েছে।